সংবাদ

তারিখ ... 22 JAN 2017 ...
পৃষ্ঠা ...১২... কলাম ...৬......

# 'সরকার জাতিকে সুশিক্ষায় শিক্ষিত করার চেষ্টা করছে'

**প্রতিনিধি, রাজশাহী**

বর্তমান আওয়ামী লীগ সরকার জাতিকে সুশিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার চেষ্টা করছে। সমাজের অসহায় দরিদ্র শিক্ষার্থীরাও যেন শিক্ষার আলো থেকে বঞ্চিত না হয় সেদিকে নজর দিয়েছে সরকার। জাতীয় শিক্ষানীতির অধীনে গোটা শিক্ষা ব্যবস্থাকেও শক্তিশালী করার প্রক্রিয়া শুরু করেছে। আর এই শিক্ষানীতির আদলে এক সময় পুরো শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ হয়ে যাবে। কারণ এসডিজি বাস্তবায়ন করলে হলে শিক্ষাকে গুরুত্ব দিতে হবে। বর্তমান সরকার মাদ্রাসার শিক্ষাকেও গুরুত্ব দিয়েছেন। এখন মাদ্রাসা ও সাধারণ শিক্ষার মান একই করা হয়েছে। ফলে যে যেখান থেকেই পাস করুক সবাই সমান। মেধার ভিত্তিতেই সরকার নিয়োগ কার্যক্রম পরিচালনা করছে। এই মাদ্রাসার নতুন ভবনের কাজ শিগগির শুরু হবে। গত বৃহস্পতিবার রাজশাহীর দুর্গাপুর উপজেলার পানানগর ইউনিয়নের গোপীনাথপুর (খাসখামার) দ্বিমুখী মাদ্রাসার আসন্ন দাখিল পরীক্ষায় অংশগ্রহণকৃতদের বিদায় ও বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাজশাহী-৫ (পুঠিয়া-দুর্গাপুর) আসনের সংসদ সদস্য, খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও জাতীয় খাদ্য নিরাপত্তা উপদেষ্টা পরিষদের সদস্য আব্দুল ওয়াদুদ দারা এসব কথা বলেন।

গোপীনাথপুর(খাসখামার) দ্বিমুখী মাদ্রাসার সভাপতি অ্যাডভোকেট আব্দুর রহিম খন্দকারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, রাজশাহী জেলা আওয়ামী লীগের সদস্য অধ্যক্ষ গোলাম ফারুক, সদস্য আবদুল রাজ্জাক, দুর্গাপুর উপজেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি একেএম শামসুল ইসলাম, উপজেলা আ. লীগের সাবেক যুগ্ম সম্পাদক আবু ওবাইদা মাসুম, দুর্গাপুর পৌরসভা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজাহার আলী প্রমুখ।